

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 27-12-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Biswabandhu Sen :

ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের মরদেহ আজ দুপুর ১টায় ব্যাঙ্গালুরু থেকে আগরতলা বিমানবন্দরে এসে পৌঁছাবে। সেখান থেকে তাঁর মরদেহ বিধানসভা ভবনে আনা হবে। সেখানে মন্ত্রী, বিধায়ক সভা বিধানসভা ভবনের কর্মীরা প্রয়াত অধ্যক্ষকে শেষ শৃঙ্খলা জানাবেন। তারপর প্রদেশ বিজেপি কার্যালয় হয়ে তার নিজ বিধানসভা কেন্দ্র ধর্মনগরে নিয়ে যাওয়া হবে। সেখানে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে। উল্লেখ্য অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন গতকাল ভোরে বেঙ্গালুরুতে একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭২ বছর। অধ্যক্ষের মৃত্যুতে গতকাল থেকে তিনিনের রাষ্ট্রীয় শোক পালিত হচ্ছে। জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে। বিশ্ববন্ধু সেনের প্রয়ানে আজ বিজেপি ত্রিপুরা প্রদেশের দলীয় কর্মসূচি স্থগিত থাকবে।

President

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ থেকে গোয়া, কর্ণাটক এবং ঝাড়খণ্ডে চার দিনের সফরে যাবেন। তিনি সন্ধ্যায় গোয়ার উদ্দেশ্যে রওনা হবেন। আগামীকাল তিনি কর্ণাটকের কারওয়ার বন্দর থেকে একটি সাবমেরিনে সমুদ্রযাত্রা করবেন। ২৯ ডিসেম্বর রাষ্ট্রপতি ঝাড়খণ্ডের জামশেদপুরে ওল চিকির শতবর্ষ উদযাপনে যোগ

দেবেন। একই দিনে, তিনি এনআইটি জামশেদপুরের ১৫তম সমাবর্তন অনুষ্ঠানেও ভাষণ দেবেন।

PM Modi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ এবং আগামীকাল নয়াদিল্লিতে পঞ্চম জাতীয় মুখ্য সচিব সম্মেলনে সভাপতিত্ব করবেন। গতকাল শুরু হওয়া তিনি দিনের এই সম্মেলনের লক্ষ্য জাতীয় উন্নয়ন অগ্রাধিকারণগুলির উপর কাঠামোগত এবং টেকসই সংলাপের মাধ্যমে কেন্দ্র-রাজ্য অংশীদারিত্বকে শক্তিশালী করা। এই সম্মেলনে 'বিকশিত ভারতের জন্য মানবিক মূলধন' এই ভাবনাকে সামনে রেখে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জন্য অনুসরণীয় সর্বোত্তম অনুশীলন এবং কৌশলগুলি অন্তর্ভুক্ত করা হয়েছে। সম্মেলনে প্রাথমিক শৈশব শিক্ষা, স্কুলিং, দক্ষতা, উচ্চশিক্ষা, খেলাধুলা এবং পাঠ্যক্রম বহির্ভূত কার্যকলাপ- এই পাঁচটি মূল ক্ষেত্রের উপর বিশেষ জোর দেওয়া হচ্ছে।

Indian Railway :

ক্রমবর্ধমান ভ্রমণ চাহিদা মেটাতে ভারতীয় রেলওয়ে ২০৩০ সালের মধ্যে ৪৮টি প্রধান শহরে ট্রেনের সংখ্যা দ্বিগুণ করার পরিকল্পনা করেছে। এই শহরগুলির মধ্যে রয়েছে দিল্লি, মুম্বাই, কলকাতা, চেন্নাই, হায়দ্রাবাদ, বেঙ্গালুরু, পাটনা, ভোপাল এবং পুরী। রেল মন্ত্রণালয় জানিয়েছে, এটি বছরের পর বছর ধরে রেল ট্র্যাফিকের চাহিদা মেটাতে সাহায্য করবে।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগণের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৯তম পর্ব।

J P Nadda :

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড়া গতকাল ভারতীয় ফার্মাকোপিয়া কমিশনের (আইপিসি) অগ্রগতি পর্যালোচনা করেছেন। সামাজিক মাধ্যমে শ্রী নাড়া বলেন যে, দেশ এবং বিশ্ব সম্প্রদায়ের জনগণের জন্য ওষুধের মান, নিরাপত্তা এবং কার্য্যকারিতা নিশ্চিত করার ক্ষেত্রে কমিশন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি আরও বলেন যে, এই প্রচেষ্টাগুলি দেশের ত্রুট্যবর্ধমান বৈজ্ঞানিক স্বনির্ভরতার প্রতিফলন ঘটায় এবং আভ্যন্তরীন ভারতের দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্যপূর্ণ।

Shivraj Singh Chowhan :

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে ‘বিকশিত ভারত: জি রাম জি’প্রকল্পের আওতায় ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে গ্রামগুলিতে উন্নয়নমূলক কাজ করা হবে। দূরদর্শনকে দেওয়া এক সাক্ষাৎকারে শ্রী চৌহান জানান, এই প্রকল্পে প্রতিটি গ্রামীণ পরিবারে মজুরি-ভিত্তিক কর্মসংস্থানের নিশ্চয়তা ১০০ দিন থেকে বাড়িয়ে ১২৫ দিন করা হয়েছে। তিনি আরও জানান, সদ্য প্রণীত ‘বিকশিত ভারত: জি রাম জি আইন-এ’ আবেদন করার ১৫ দিনের মধ্যে কাজ না দিলে বাধ্যতামূলকভাবে বেকার ভাতা দেওয়ার বিধান রাখা হয়েছে।

Adwita Mallabbarman Janmajayanti :

আগামী পয়লা জানুয়ারি থেকে ৩ জানুয়ারী নলছড় দশমীঘাট প্রাঙ্গণে অন্বেষণ মল্লবর্মনের ১১২তম জন্মজয়ন্তী উৎসব আয়োজিত হবে। তপশিলি জাতি কল্যাণ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় ৩ দিনব্যাপী এই উৎসবের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। এই উৎসবকে সফল করে তোলার লক্ষ্যে উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মনকে চেয়ারম্যান করে একটি প্রস্তুতি কমিটি এবং বিভিন্ন উপকমিটি গঠন করা হয়েছে।

Weather :

আজ আকাশ মেঘলা থাকবে। সকালে পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।
